

স্মারক নং-১৪.৩২.০০০০.৪০০.৩০.০০২.২১.১০৭৯

তারিখ : ০৫ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
২০ আগষ্ট ২০২৩ খ্রিঃ

বিষয়ঃ মুদ্রণ সামগ্রী সরবরাহকারী (প্রিন্টিং প্রেস) কাজের জন্য তালিকাভুক্তিকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বিগত ২৮ এপ্রিল ২০২৩ তারিখে দৈনিক সমকাল এবং The Daily Sun পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে গত ১৫ মে ২০২৩ তারিখে “খ-ক্যাটাগরী” (মুদ্রণ সামগ্রী সরবরাহকারী) কাজের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের দাখিলকৃত আবেদন সমূহের মধ্যে নিম্নবর্ণিত প্রতিষ্ঠান সমূহের আবেদন কমিশনের তালিকাভুক্তিকরণ কমিটি কর্তৃক গৃহীত হয়েছে। এরই প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রতিষ্ঠান সমূহকে বিটিআরসি’র মুদ্রণ সামগ্রী ছাপানো ও সরবরাহের নিমিত্তে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে তালিকাভুক্ত করা হলো :

নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা
১.	মনিরামপুর প্রিন্টিং প্রেস ৭৬/এ, নয়াপল্টন (মসজিদ গলি), ঢাকা-১০০০।
২.	সাইদিয়া প্রিন্টিং ২৬৯/৪, কমিশনার গলি, ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০।
৩.	ক্রিয়েটিভ হ্যান্ডস লিমিটেড ১৭ বিজয়নগর, ঢাকা-১০০০।
৪.	আর জে প্রিন্টিং এন্ড প্যাকেজিং ৭৮/১, নয়াপল্টন, ঢাকা-১০০০
৫.	এডফেয়ার ডিজাইন এন্ড সাপ্লাই ৪৮/এবি (৪র্থ তলা), সূট-৪০১, বায়তুল খায়ের, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
৬.	দেশ মিডিয়া ৪১/১, পুরানা পল্টন, অ্যাঙ্কিট জেড সেন্টার (জিএফ), ঢাকা-১০০০।
৭.	প্রিন্টোলাইন ৫১, নয়াপল্টন, ঢাকা-১০০০।

শর্তাবলী :

- ১। বর্ণিত প্রতিষ্ঠান সমূহকে ০১ জুলাই ২০২৩ - ৩০ জুন ২০২৫ মেয়াদের জন্য তালিকাভুক্ত করা হলো।
- ২। কমিশনের চাহিদা অনুযায়ী সীমিত দরপত্র আহবান করা হলে দ্রুত সময়ের মধ্যে তার জবাব প্রদানের বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে প্রতিটি প্রতিষ্ঠানকে তাদের ই-মেইল, ফোন, ফ্যাক্স ও দায়িত্বশীল ব্যক্তির নম্বর কমিশনে জমা দিতে হবে।
- ৩। কমিশন কর্তৃক মুদ্রণ সামগ্রী ছাপানোর জন্য সীমিত দরপত্র আহবান করা হলে যথাসময়ে দরপ্রস্তাব দাখিল করতে হবে এবং দরপ্রস্তাব সমূহ মূল্যায়ন পূর্বক কর্তৃপক্ষের অনুমোদন অনুযায়ী কার্যাদেশ প্রদান করা হবে।
- ৪। যে সকল প্রতিষ্ঠান পর পর ০৩ (তিন) বার কমিশনের চাহিদা অনুযায়ী কোটেশন/সীমিত দরপত্র দাখিলে ব্যর্থ হবে সে সকল প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল করা হবে।
- ৫। মুদ্রণ সামগ্রী সরবরাহের জন্য দাখিলকৃত দরপ্রস্তাব কমিশন কর্তৃক গৃহীত হলে নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহ করতে হবে।
- ৬। নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে তালিকাভুক্তি বাতিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।





- ৭। দাখিলকৃত দরপ্রস্তাবে দর অতিমূল্যায়িত/অস্বাভাবিক হলে এবং কোন প্রকার অনিয়ম, অসাধুতা বা কারচুপি অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে সরকারী নিয়ম এবং প্রচলিত আইন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৯। তালিকাভুক্ত কোন প্রতিষ্ঠান যদি কোথাও কালো তালিকাভুক্ত হয়েছে বলে জানা যায় তাহলে উক্ত প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল করা হবে।
- ৯। কার্যাদেশ অনুযায়ী মালামাল সরবরাহ করার পর বিল দাখিল করলে প্রচলিত বিধি মোতাবেক ফ্রসড চেকের মাধ্যমে বিল পরিশোধের ব্যবস্থা করা হবে।
- ১০। সরকারী নিয়ম অনুযায়ী বিল হতে আয়কর/ভ্যাটকর্তন পূর্বক চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ১১। তালিকাভুক্তি সংক্রান্ত সরকারি বিধি-নিষেধ, সরকারি ফ্রয়ের ক্ষেত্রে অন্যান্য সকল নীতিমালা এবং অত্র অফিস কর্তৃক প্রবর্তিত যে কোন নিয়ম ও সিদ্ধান্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান মেনে চলতে বাধ্য থাকবে।
- ১২। কর্তৃপক্ষ যে কোন শর্ত পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন করতে পারবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল বা মেয়াদ হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে।



মোঃ কামরুল ইসলাম
পরিচালক (প্রশাসন), বিটিআরসি।

প্রতি

.....
.....

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

- ১। পরিচালক, অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগ, বিটিআরসি।
- ২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব/ ভাইস-চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তাগণ, বিটিআরসি (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। অফিস কপি।